কুমিল্লায় কাভার্ডভ্যানের চাপায় নিহত ২ ভাই

ঢাকা- চট্রগ্রাম মহাসড়কের কুমিল্লার দেবীদ্বারে কভার্ডভ্যানের চাপায় মাইক্রোবাসের চালকসহ দুইজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও তিনজন। মঙ্গলবার সকালে দেবীদ্বার উপজেলার কুরছাপ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন- ফেনীর পরশুরাম উপজেলার অলেক মাস্টার বাড়ির মৃত তোফায়েল আহমেদ এর ছেলে আবদুল মালেক (৬০) ও সালেহ আহমেদ (৭০)। তারা দুজন আপন ভাই।

পুলিশ জানায়, মঙ্গলবার সকালে ঢাকা থেকে ফেনী অভিমুখি একটি মাইক্রোবাসকে চাপা দেয় একটি কাভার্ডভ্যান। এতে ঘটনাস্থলেই ওই মাইক্রোবাসের চালকসহ ২ জন নিহত হয়। এসময় আহত হয় আরও ৩ জন। খবর পেয়ে ইলিয়টগঞ্জ হাইওয়ে পুলিশ ঘটনাস্থল থেকে নিহতদের লাশ উদ্ধার করে ফাঁড়িতে নিয়ে যায়।

ইলিয়টগঞ্জ হাইওয়ে পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. মনিরুল ইসলাম সমকালকে জানান, নিহতদের লাশ উদ্ধার করে ফাঁড়িতে আনা হয়েছে এবং আহতদেরকে উন্নত চিকৎসার জন্য ঢাকায় প্রেরণ করা হয়েছে।